কোটচাঁদপুরে মুদি দোকানে ভ্রাম্যমাণ আদালতের জরিমানা

কোটচাঁদপুর উপজেলা প্রশাসন কর্তৃক বিভিন্ন মুদি দোকানে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। গতকাল মঙ্গলবার কোটচাঁদপুর শহরের চৌগাছা স্ট্যান্ডে বিভিন্ন মুদি দোকানে এ অভিযান পরিচালনা করা হয়।

এসময় ২ জন দোকান মালিককে মোট দুই হাজার টাকা জরিমানা করা হয়েছে। এজাজ আহমেদকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ধারা মোতাবেক এক হাজার টাকা এবং নাফিসকে একই আইনে এক হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালতে অভিযান পরিচালনা করেন, কোটচাঁদপুর উপজেলা সহকারী কমিশনার ভুমি ও এক্সিকিউটিভ ম্যাজিস্টেট সোহেল রানা। এসময় উপজেলা ভূমি অফিসের সার্টিফিকেট পেশকার সুব্রত মন্ডলসহ কোটচাঁদপুর মডেল থানা পুলিশের একটি চৌকস দল উপস্থিত ছিলেন।

দর্শনায় মুদি দোকানের দেয়াল ভেঙ্গে দুটি দোকানে চুরি

চুয়াডাঙ্গার দর্শনায় দুটি দোকানের দেয়াল ভেঙ্গে ও তালা ভেঙ্গে চুরি সংঘটিত হয়েছে। দর্শনা পৌর এলাকার পুরাতন বাজার রেলগেট মুল সড়কের পাশে ব্যস্ততম স্থান।

গতকাল শুক্রবার ভোরে আনিসুরের মুদি দোকানের ২০ ইঞ্চি দেওয়াল ভেঙ্গে চোর চক্র হানা দেয়। এ সময় দোকানের ক্যাশ বাক্স ভেঙ্গে নগদ ৭০ হাজার টাকা, ৫ লিটারের ১০টি সায়াবিন তেলের বোতল

বিভিন্ন ব্রান্ডের সিগারেট, সাবান, কাটুন ভর্তি এলাচ অন্যান্য মালামাল সহ প্রায় দুইলাখ টাকার মালামাল নিয়ে যায়। এছাড়া রাস্তার বিপরীত পাশের আতিয়ার রহমানের দোকানের তালা ভেঙ্গে বিভিন্ন

ব্রান্ডের চাপাতি, সিগারটসহ অন্যান্য মালামাল নিয়ে যায়।

গতকাল শুক্রবার সকালে দর্শনা থানার এসআই রাম চদ্র সহ সঙ্গীয় ফার্স ঘটনাস্হল পরিদর্শন করেন। তিনি দাবী করেন- আমি নিজ রাত ২ টার দিকেও এই সড়কে টহল ছিলাম। ভোরে এঘটনা ঘটত পারে। এ বিষয় দাকানর মালিক আনিসুর রহমান দর্শনা থানায় একটি অভিযোগ দায়ের করেছে।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির ঘটনার সত্যতা স্বীকার করে বলেন দেয়াল ভেঙ্গে চুরি করেছে। তবে আমরা সিসি ক্যামেরা দেখে চোর সনাক্তসহ প্রয়োজনীয় ব্যাবস্থা নেব।